# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আবু যার রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসে বর্ণিত ‘ওয়াও’ (এবং) সংযুক্তির ওয়াও নয় বরং এটি সুম্মা (তারপর) অর্থে ব্যবহৃত হয়েছে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْوَاوَ الَّذِي فِي خَبَرِ أَبِي ذَرٍّ الَّذِي ذَكَرْنَاهُ لَيْسَ بِوَاوِ وَصْلٍ وَإِنَّمَا هُوَ وَاوٌ بِمَعْنَى "ثُمَّ"

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ اللَّخْمِيُّ بِعَسْقَلَانَ حَدَّثَنَا بن أَبِي السَّرِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَأَلَ رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْعَمَلِ أَفْضَلُ؟ قَالَ: "الْإِيمَانُ بِاللَّهِ" قَالَ: ثُمَّ مَاذَا؟ قَالَ: "ثُمَّ الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ" قَالَ: ثُمَّ ماذا؟ قال: "ثم حج مبرور"
الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان
الصفحة أو الرقم: 153 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৫৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলেন: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোন আমল সর্বশ্রেষ্ঠ? জবাবে তিনি বললেন: আল্লাহর প্রতি ঈমান আনয়ন করা। তিনি আবারো প্রশ্ন করলেন: তারপর কোনটি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বললেন: আল্লাহর রাস্তায় জিহাদ করা। তিনি পুনরায় জিজ্ঞেস করলেন: তারপর কোনটি? তিনি বললেন: কবুল হজ্জ।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২৬, ১৫১৯; সহীহ মুসলিম: ৮৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০২৯৬; মুসনাদ আহমাদ: ২/২৬৮; নাসাঈ: ৫/১১৩; বাইহাকী: ৫/২৫২; আবু আওয়ানা: ১/৬২; দারেমী: ২/২০১; বাগাবী: ১৮৪০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বলেন: রাবী ইবনু আবী আস সারিয়্যু হলেন: মুহাম্মাদ বিন মুতাওয়াক্কিল আল আসকালানী। ইবনু হিব্বান তাঁকে তাঁর ‘আস সিকাত’ (নির্ভরযোগ্য রাবীদের সংকলন) এ উল্লেখ করে বলেন: ‘তিনি হাফেযে হাদীসদের অন্তর্ভূক্ত ছিলেন।’ ইবনু হাজার আসকালানী রচিত ‘আত তাকরীব’ কিতাবে বলা হয়েছে: ‘তিনি সত্যনিষ্ঠ, জানা-শোনা ব্যক্তি ছিলেন। তাঁর অনেক ভুল আছে। ’তবে এখানে তার সমর্থক বর্ণনাকারী আছেন। হাদীসের অন্যান্য রাবীগণ সহীহ বুখারী ও মুসলিমের রাবী।”

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসের ব্যাপারে সুস্পষ্টভাবে মন্তব্য না করলেও তিনি মূলত হাদীসটিকে হাসান বলতে চেয়েছেন। কেননা তিনি যে রাবীদের বিবরণ তুলে ধরছেন, উসূলে হাদীসের পরিভাষা অনুসারে এই ধরণের রাবীদের বর্ণিত হাদীস সাধারণত হাসান হিসেবে বিবেচিত হয়। আল্লাহু আ‘লাম। -অনুবাদক

আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ২৪৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন